গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭ -৬০০

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪২৬ ব.
১৯ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (রিট পিটিশন নং- ১৪৫১/২০১৪ ও সিপিএলএ নং-৩৬১১/২০১৬ এবং তৎপ্রেক্ষিতে দায়েকৃত সিএ নং-১৩৭/২০১৮ মামলা হতে উদ্ভুত) মামলার বিষয়ে তথ্যাদি ও মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র:
(১) ডিজি, ডিএমই এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৩৬২, তারিখ: ১৩/১১/০০১৯ খ্রি.
(২) বিজ্ঞ আইনজীবী জনাব সফিক মাহমুদ পুষ্প পত্র তারিখ: ১১/১১/২০১৯ খ্রি.
(৩) সুপার. কনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা এর স্মারক নং- কোণ/আ/দা/মা/১০৭, তারিখ: ২৩/৭/২০১৯।
(৪) সুপার. কনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা এর স্মারক নং- কোণ/আ/দা/মা/১০(৫), তারিখ: ৩০/৯/২০১৩।
(৫) মাউশিঅ এর স্মারক নং- ১জি/৯৮৭বি/২০১১/৯৫০৯/৫, তারিখ: ২৪/১২/২০১৩।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সচিব, টিএমইডি বরাবর সূত্রোক্ত (৩) নং স্মারকে একটি আবেদন দাখিল করা হয়েছিল। উক্ত আবেদনে জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর এমপিও কোড সংশোধনের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। সুপার কর্তৃক দাখিলকৃত আবেদনে সহকারী পরিচালক, মাউশিঅ বরাবর সূত্রোক্ত (৪) নং স্মারকে দাখিলকৃত পত্র এবং সূত্রোক্ত (১) নং স্মারকে ডিজি, ডিএমই কর্তৃক সচিব, টিএমইডি বরাবর প্রেরিত পত্রের মর্মার্থ নিম্নরূপ-

(ক) সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) গত ২১.১২.৮৬ ইং তারিখে কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসায় যোগদান করে গত ০১.০৬.৮৭ তারিখে (১০০০/- স্কেলে যা বর্তমানে ৬৪০০/-) এমপিওভুক্ত হন মর্মে উল্লেখ করা হয়েছে তবে এর স্বপক্ষে কোন প্রমানক দেয়া হয়নি।

(খ) এমপিওভুক্তির মাত্র নয় মাস পরে প্রতারণা ও জাল অর্ডার তৈরীর মাধ্যমে বিধি বহির্ভুতভাবে তিনি (সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান) প্রথম টাইম স্কেলে (১৩৫০/- টাকা) বেতন-ভাতা উত্তোলন করতে থাকেন এবং জনাব মো: শফিকুর রহমান ০১/৩/১৯৮৮ হতে ৩১/৫/১৯৯০ পর্যন্ত প্রাপ্যের চেয়ে অতিরিক্ত ৭৫৪০/- টাকা উত্তোলন করেন,যা পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের অডিটে ধরা পড়ে এবং বহু দেন দরবারের পরে উক্ত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয় মর্মে সুত্রোক্ত (৩) নং পত্রে উল্লেখ রয়েছে।

(গ) অত:পর চাকুরী নীতিমালা অনুযায়ী ০৮ বৎসর পূর্ণ হওয়ায় পর জনাব মো: শফিকুর রহমান-কে বিগত ০১/৫/১৯৯৭ ইং তারিখে প্রথম বৈধ টাইম স্কেল (১১ কোড হতে ১০ নং কোডে, টাকা-৮০০০/-) প্রদান করা হয়। কিন্তু ভুলবশত এমপিও সীটে জনাব সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান বেতন (এমপিও) ১১০০০/- টাকা দেয়া হয়। কিন্তু প্রতিষ্ঠান হতে এমপিও নির্দেশিকা অনুযায়ী জনাব মো: শফিকুর রহমান-কে ০১/৫/১৯৯৭ হতে ফেব্রুয়ারি/২০০৮ পর্যন্ত ১০ নং কোডে ৮০০০/- বেতন-ভাতা প্রদান করা হয় মর্মে এমপিও কোড সংশোধনের নিমিত্ত এডি, মাউশিঅ বরারব প্রেরিত সূত্রোক্ত (৪) নং পত্র বর্ণিত রয়েছে।

(ঘ) বৈধভাবে প্রথম টাইম স্কেল পেতে থাকা অবস্থায় উক্ত শিক্ষক (জনাব মো: শফিকুর রহমান) কর্তৃক পুনরায় দ্বিতীয়বার প্রতারণা ও অধিদপ্তরের অর্ডার জালকরণের মাধ্যমে দ্বিতীয় টাইমস্কেল (১০ হতে ৯ নং কোড) গ্রহণ করা হয়। এর পরবর্তীতে ০১/৩/২০০৮ হতে ৩১/১০/১২ পর্যন্ত সময়ে প্রাপ্যের চেয়ে অতিরিক্ত গৃহীত ১৪৭৭১৬/- টাকা সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়ার জন্য মাউশিঅ হতে সূত্রোক্ত (৫) নং পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে জনাব মো: শফিকুর রহমান কর্তৃক রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ দায়ের করা হয়।

০৩। রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"In the result, the Rule is made absolute. In consequence whereof, it is declared that the impugned স্মারক নং-কোনা/স্বা/দা/মা/১(৭), তারিখ: ১৯.০১.২০১৪ and the impugned স্মারক নং-১জি/৯৮৭বি/২০১১/২৯৫১০/৫, তারিখ: ২৪.১২.২০১৩ have been made and issued without any lawful authority and are of no legal effect.

Accordingly, the Respondent No.3 and other respondent are directed to restore to the petitioners the scale and the Code number that was allowed to the petitioner before issuance of the impugned letters hereby set aside. They are further directed to pay the arrear salaries, if any as well as the government portion to the MPO that has been paid/creadted less to his account, within 30 working days from the date of receipt of the judgment and order"

০৪। বর্ণিত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল মামলা নং- ৩৬১১/২০১৬ দায়ের করা হয়। সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৬১১/২০১৬ মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক ১১/১২/২০১৭ তারিখে প্রদত্ত আদেশটি নিম্নরূপ-

"The operation of the judgment and order of the High court Division in Writ Petition No. 1451 of 2014 be stayed subject to condition that respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal"

০৫। মাননীয় আপীল আদালতের গত ১১.১২.১৭ খ্রি: তারিখের আদেশে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে যে,আপিলটি নিস্পত্তি না হওয়া পর্যন্ত মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত গত ১৩.১২.১৫ খ্রি: তারিখের রায়ের কার্যকারিতা স্থগিত থাকবে। অধিকন্তু একই আদেশের অপর অংশের নির্দেশনা অনুযায়ী পিটিশনার- জনাব মো: শফিকুর রহমানকে ১০ নং কোডে বেতন ভাতার সরকারি অংশ (MPO) প্রদানের জন্য টিএমইডি হতে ২৯/১০/২০১৮ তারিখে ৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-৩৯৯ সংখ্যক স্মারকমূলে ডিজি, ডিএমই-কে নির্দেশনা প্রদান করা হয় এবং সেমতে জনাব শফিকুর রহমানকে ১০ কোডে এমপিও চালু করা হয়েছে এবং তা চলমান আছে।

০৬। ডিজি,ডিএমই এর পত্রের মাধ্যমে জনাব শফিকুর রহমান (কনটেম্পট পিটিশনার) এর অনুকূলে নভেম্বর/১৬ হতে জুন/১৮ পর্যন্ত সময়ের বকেয়া প্রদানের অনুমতি দানের জন্য (বিজ্ঞ কৌসুলীর মতামতের আলোকে) সচিব,টিএমইডিকে অনুরোধ জানানো হয়েছে।

চলমান পাতা নং-০২

০৭। ডিজি, ডিএমই এর সূত্রোক্ত (১) নং অনুরোধপত্রের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য এবং মতামত প্রয়োজন-

(ক) সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৬১১/২০১৬ মামলায় মাননীয় আপীল আদালত কর্তৃক প্রদত্ত ১১/১২/২০১৭ তারিখের আদেশ -"The operation of the judgment and order of the High court Division in Writ Petition No. 1451 of 2014 be stayed subject to condition that respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal" অর্থাৎ উক্ত আদেশটি এখনও বহাল আছে কিনা ?

(খ) উক্ত আদেশটি বহাল না থেকে থাকলে এ বিষয়ে পরিবর্তিত আদেশটি কবে কোন মামলায় প্রদান করা হয়েছে এবং তা কি ?

(গ) উক্ত আদেশটি বহাল থেকে থাকলে,মহামান্য আপিল বিভাগের আদেশ বহাল থাকা অবস্থায় (মহামান্য হাইকোর্ট বিভাগের রায় স্থগিত থাকা) মহামান্য কনটেম্পট আদালতের (২৪/১৮ মামলায়) মৌখিক নির্দেশনা (বিজ্ঞ আইনজীবী কর্তৃক প্রদত্ত অভিমত অনুযায়ী) বাস্তবায়ন করা যাবে কিনা ? বাস্তবায়ন করা গেলে তা কিভাবে ?

(ঘ) সিভিল আপিল মামলা নং ১৩৭/২০১৮ মামলায় মহামান্য আদালত কর্তৃক কি কি আদেশ (তারিখ ওয়ারি আদেশ উল্লেখক্রমে) জারি হয়েছে এবং উক্ত আদেশ বাস্তবায়ন পদ্ধতি কি ?

(ঙ) সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান কত তারিখ থেকে কোন কোডে এমপিওভূক্ত হয়েছেন (আদেশের কপিসহ প্রমানক)?

(চ) সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত ১০ নং কোডে এমপিও প্রাপ্ত হয়েছেন এবং চলমান আছে কিনা ?

(ছ) ১০ নং কোড চালু হওয়ার পূর্বে কোন কোডে কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত এমপিও পেয়েছেন (আদেশের কপিসহ প্রমাণক)?

(জ) জনাব শফিকুর রহমান কোন আদেশ বলে কবে থেকে ০৯ নং কোডে এমপিওভূক্ত হয়েছেন (আদেশের কপিসহ প্রমানক) ?

(ঝ) ডিএমই এর ১৩/১১/১৯ তারিখে ৩৬২ নং পত্রের সাথে সংযুক্ত বিজ্ঞ আইনজীবী জনাব সফিক মাহমুদ পুষ্প এর মতামত সম্বলিত পত্র টি 44 DLR (AD) page-219. এর বিধানমতে Lawer certificate কিনা?

(ঞ) মহামান্য আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত গত ১১/১২/২০১৭ তারিখের আদেশটি এখনো বহাল থেকে থাকলে এ বিষয়টি মহামান্য কনটেম্পট আদালতের গোচরে নেয়া হয়েছে কিনা ?

(ট) সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান কর্তৃক ০৯ নং কোডে এমপিও উত্তোলনের সাথে জালিয়াতির কোন উপাদান আছে কিনা, থাকলে তা কি (প্রমানকসহ)?

০৮। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে চাহিত তথ্যাদি/মতামত আগামি ২০/১১/২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।